অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/23/2024 **গভর্নর ক্যাথি হোকল**

এক দশকের বেশি সময়ের মধ্যে লেক প্লাসিডের প্রথম নতুন হোটেল: দ্য ক্যামব্রিয়া হোটেলের সাড়ম্বর উদ্বোধন সম্পর্কে গভর্নর হোকলের ঘোষণা

185টি কক্ষের এই নতুন হোটেলে ফুল সার্ভিস রেস্তোরাঁ, নমনীয় ইভেন্ট স্পেস এবং ওয়াটারফ্রন্ট জনসমাগমের স্থান রয়েছে, যা কমপক্ষে 50টি নতুন কর্মসংস্থান সৃষ্টি করছে

প্রকল্পটি 2022 সালে দর্শনার্থী ও ব্যয়ের রেকর্ড তৈরি হওয়ার পরে নিউ ইয়র্কের পর্যটন শিল্পকে সহায়তা করার জন্য গভর্নরের অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে

ছবিগুলো দেখুন[এখানে]()

গভর্নর ক্যাথি হোকল আজ লেক প্লাসিডে 35 মিলিয়ন ডলার ব্যয়ে নির্মিত ক্যামব্রিয়া হোটেলের সাড়ম্বর উদ্বোধন ঘোষণা করেন, যেটি 2013 সালের পর থেকে লেক প্লাসিডে চালু হওয়া প্রথম নতুন হোটেল। এই আধুনিক, 105,645 বর্গফুট আয়তনের হোটেলে 185টি অতিথি কক্ষ, একটি রেস্তোরাঁ, ইভেন্ট স্পেস এবং একটি ওয়াটারফ্রন্ট জনসমাগমের স্থান রয়েছে এবং এটি 50 জনেরও বেশি পূর্ণকালীন কর্মচারী নিয়োগ দেবে। ক্যামব্রিয়া হোটেলের এই সাড়ম্বর উদ্বোধন নিউ ইয়র্ক স্টেটের প্রাণবন্ত পর্যটন শিল্পকে সহায়তা করা এবং সমৃদ্ধ করে তোলার জন্য গভর্নর হোকলের অঙ্গীকারাবদ্ধতার সঙ্গে যোগ হচ্ছে, যা 2022 সালে স্টেটজুড়ে ঐতিহাসিক 123 বিলিয়ন ডলারের প্রভাব রেখেছে।

"এক দশকের মধ্যে এই প্রথম বারের মতো লেক প্লাসিড একটি নতুন হোটেলের দ্বার উন্মোচন করতে যাচ্ছে যেটি বিশ্বব্যাপী দর্শনার্থীদেরকে এটির শ্বাসরুদ্ধকর প্রাকৃতিক দৃশ্য, বিশ্বমানের ক্রীড়া ইভেন্ট, এবং নর্থ কান্ট্রির অফার করা সবকিছু উপভোগ করার জন্য স্বাগত জানাবে," **বলেছেন গভর্নর হোকল**। "পর্যটন হলো আমাদের স্টেটের চালিকা শক্তি, এবং স্টেটের বিনিয়োগ এবং আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিলের (Regional Economic Development Council) সঙ্গে আমাদের অংশীদারিত্বের সুবাদে, ক্যামব্রিয়া হোটেল কর্মসংস্থান তৈরি করতে, অসংখ্য দর্শনার্থীকে নিউ ইয়র্কে আসার জন্য আকৃষ্ট করতে, এবং লেক প্লাসিডে একটি শক্তিশালী, সমৃদ্ধশীল অর্থনীতি গড়ে তুলতে সাহায্য করবে।"

নর্থ কান্ট্রি আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল (North Country Regional Economic Development Council) এই এলাকার সমৃদ্ধশীল আতিথেয়তা খাতের অর্থনীতি সম্প্রসারণ করতে ও সহায়তা প্রদান করতে থাউজ্যান্ড আইল্যান্ড ও অ্যাডিরনড্যাক অঞ্চলে লজিং উন্নয়ন ও পর্যটন অবকাঠামোতে বিনিয়োগ করাকে সুনির্দিষ্টভাবে টার্গেট করেছে। অ্যাডিরনড্যাক এর প্রাকৃতিক সৌন্দর্য্য, প্রথম শ্রেণির আউটডোর চিত্তবিনোদন, ইতিহাস এবং পরিবার-বান্ধব ক্রিয়াকলাপের জন্য পরিচিত। লজিং সক্ষমতা বৃদ্ধির কাজ করে এমন প্রকল্পগুলোতে সহায়তা করার মাধ্যমে নিউ ইয়র্ক স্টেটের বিনিয়োগগুলো আঞ্চলিক পর্যটনের প্রচেষ্টার পরিপূরক হিসেবে কাজ করছে। এই প্রকল্পে সহায়তা করার জন্য নর্থ কান্ট্রির আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়ন কাউন্সিল 51টি নতুন কর্মসংস্থানের বিনিময়ে 3 মিলিয়ন ডলারের ESD মূলধনী অনুদান প্রদানের জন্য সুপারিশ করেছে।

ডুয়েল ডেভেলপমেন্ট LLC (Dual Development LLC)-এর প্রধান ডেভেলপার এবং ব্যবস্থাপনা সদস্য ভাবিক জারিওয়ালা বলেন, "আমাদের ক্যামব্রিয়া হোটেল লেক প্লাসিড প্রকল্পের জন্য আঞ্চলিক অর্থনৈতিক উন্নয়নের একটি মূলধনী অনুদান প্রদান করায় আমি গভর্নর হোকল এবং এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development)-এর প্রতি আমাদের আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করতে চাই। এই সহায়তা আমাদের ভিশনকে বাস্তবে রূপ দেওয়ার জন্য সহায়ক ভূমিকা পালন করেছে এবং নর্থ কান্ট্রি অঞ্চলে অর্থনৈতিক উন্নয়ন ও সমৃদ্ধির প্রসার ঘটানোর জন্য ESD-এর অঙ্গীকারাবদ্ধতার জন্য আমরা সত্যিকার অর্থেই কৃতজ্ঞ। এই প্রকল্পের মাধ্যমে আমরা একটি ইতিবাচক প্রভাব রাখার এবং এই অঞ্চলের অব্যাহত সফলতায় অবদান রাখার জন্য অধীর আগ্রহ নিয়ে অপেক্ষা করছি।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর প্রেসিডেন্ট, CEO ও কমিশনার হোপ নাইট বলেন, "লেক প্লাসিড আমাদের নিউ ইয়র্ক স্টেটের সবচেয়ে সুন্দর এলাকাগুলোর মধ্যে একটি এবং এটি সমৃদ্ধি অর্জনের জন্য আমাদের পর্যটন অর্থনীতির উপর নির্ভরশীল। নতুন ক্যামব্রিয়া হোটেল এই অঞ্চলের অর্থনীতিতে একটি স্বাগত জানানোর মতো সংযোজন এবং এটি নিউ ইয়র্ক স্টেট এবং বিশ্বব্যাপী ভ্রমণকারীদের এখানে নিয়ে আসবে। নিউ ইয়র্ক স্টেটের জন্য পর্যটন একটি গুরুত্বপূর্ণ অর্থনৈতিক চালিকা শক্তি, এবং ক্যামব্রিয়া হোটেল কর্মসংস্থান এবং ব্যবসা প্রতিষ্ঠান যোগ করা এবং নর্থ কান্ট্রি অঞ্চলের অফার করা সবকিছু সম্পর্কে উদ্দীপনা জাগানোর মাধ্যমে এই অতি গুরুত্বপূর্ণ শিল্পকে সহায়তা করবে।"

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট-এর ভাইস প্রেসিডেন্ট এবং পর্যটন বিষয়ক এক্সিকিউটিভ ডিরেক্টর রস ডি. লেভি বলেন, "অ্যাডিরনড্যাক হলো নিউ ইয়র্ক স্টেটের পর্যটন খাতের শিরোমণি, এবং লজিং ও বিশেষ ইভেন্টের জন্য ক্যামব্রিয়ার মতো একটি শীর্ষ মানের ভেন্যু থাকা এই অঞ্চলের আকর্ষণ বৃদ্ধি করতেই সাহায্য করবে। আই লাভ NY (I LOVE NY) বছরের যেকোনো সময়ে লেক প্লাসিড এলাকার একটি গেটওয়ের অংশ হিসেবে এই সম্পত্তিটির ব্যাপারে দর্শনার্থীদের কাছে প্রচারণা চালানোর প্রত্যাশা রাখে, যেখান থেকে হোয়াইটফেসে স্কি করা থেকে শুরু করে মাউন্ট ভ্যান হোভেনবার্গে এক্সট্রিম স্লেডিং এবং মাউন্টেন কোস্টার, ওয়াইল্ড সেন্টারে ওয়াইল্ড ওয়াকের অভিজ্ঞতা নেওয়া, মিরর লেকে প্যাডেলিং, অলিম্পিক মিউজিয়াম ঘুরে দেখা এবং অলিম্পিক স্কি জাম্পিং কমপ্লেক্সে জিপ

লাইনিং করা ইত্যাদির সুযোগ রয়েছে। লেক প্লাসিড নিউ হলো নিউ ইয়র্ককে ভালোবাসা কত সহজ তার একটি নিখুঁত উদাহরণ।"

নর্থ কান্ট্রি REDC-এর সহ-সভাপতি জেমস ম্যাককেনা এবং ড. ক্যাথরিন মরিস বলেন, "নর্থ কান্ট্রিতে নতুন ক্যামব্রিয়া হোটেলকে স্বাগত জানাতে পেরে আমরা রোমাঞ্চিত। নর্থ কান্ট্রি REDC-এর সহ-সভাপতি হিসেবে নতুন বিনিয়োগে সহায়তা করতে পেরে আমরা গর্বিত, যা আমাদের কমিউনিটিগুলোতে কর্মসংস্থান সৃষ্টি এবং অর্থনৈতিক সমৃদ্ধিকে উৎসাহিত করবে। আমাদের পর্যটন শিল্প অব্যাহতভাবে বেড়ে উঠার এই সময়ে, এধরনের প্রকল্পগুলো দর্শনার্থীদেরকে স্বাগত জানাবে এবং এই অঞ্চলে বসবাস ও কাজ করা ব্যক্তিদের জন্য সুযোগ-সুবিধা প্রদান করবে।"

স্টেট সিনেটর ড্যান স্টেক বলেন, "ক্যামব্রিয়া হোটেলের সাড়ম্বর উদ্বোধন লেক প্লাসিডের অধিবাসী ও দর্শনার্থীদের জন্য একটি দারুণ সংবাদ। এটির মতো একটি নতুন, আধুনিক হোটেল পাওয়া আমাদের সমৃদ্ধশীল পর্যটন শিল্পের জন্য একটি বড় ধরনের উন্নতি এবং এটি এখানে নর্থ কান্ট্রিতে বাড়তি কর্মসংস্থান এবং সুযোগ-সুবিধা তৈরি করছে।"

লেক প্লাসিডের মেয়র আর্ট ডেভলিন এবং নর্থ এলবা টাউনের সুপারভাইজার ডেরেক ডোটি বলেন, "জারিওয়ালা পরিবারের আতিথেয়তা শিল্পে এবং স্থানীয় দাতব্য গ্রুপগুলোর সঙ্গে তাদের কাজের ক্ষেত্রে কমিউনিটিতে ছয় দশক ধরে সেবা প্রদান করার অভিজ্ঞতা রয়েছে। এই সম্পত্তির পুনরুজ্জীবিতকরণ দেখতে পাওয়া একটি চমৎকার ব্যাপার যা আগামী কয়েক দশক ধরে এটি আমাদের কমিউনিটির একটি গুরুত্বপূর্ণ অংশ হয়ে থাকার বিষয়টি নিশ্চিত করবে। এছাড়া নতুন হোটেলটি পারিবারিকভাবে পরিচালিত একটি ব্যবসা প্রতিষ্ঠান হিসেবে কার্যক্রম অব্যাহত রাখতে যাচ্ছে বলে দেখতে পাওয়াও একটি ভালো ব্যাপার। আমরা জারিওয়ালা পরিবারের সঙ্গে কাজ করে যাওয়ার প্রত্যাশা রাখি এবং তাদের সৌভাগ্য কামনা করছি।"

<u>পর্যটন শিল্পের জন্য গভর্নর হোকলের সহায়তা</u>

গভর্নর হোকল নিউ ইয়র্কের পর্যটন শিল্পকে সহায়তা করার ক্ষেত্রে একটি শক্তিশালী অঙ্গীকারাবদ্ধতা বজায় রেখেছেন, যে শিল্পটি এই স্টেটের প্রধান অর্থনৈতিক চালিকা শক্তিগুলোর মধ্যে একটি। গভর্নর ভ্রমণ শিল্পের কর্মীদের, ক্ষুদ্র ব্যবসা প্রতিষ্ঠানের জন্য সহায়তা কর্মসূচিসমূহ এবং নিউ ইয়র্ক স্টেটে নতুন ও অনন্য ইভেন্টগুলো নিয়ে আসার উদ্যোগগুলোকে সহায়তা করার জন্য 450 মিলিয়ন ডলারের একটি নজিরবিহীন বিনিয়োগের সূচনা করার জন্য “পর্যটন ফিরিয়ে আনো, কর্মসংস্থান ফিরিয়ে আনো” রিকভারি প্যাকেজ চালু করেছেন। 2022 সালে গভর্নর 104 মিলিয়ন ডলার ব্যয়ে লেক প্লাসিড অলিম্পিক সেন্টারের (The Lake Placid Olympic Center) সংস্কারকাজ সম্পন্ন হওয়ার কথা ঘোষণা করেন, যার মধ্য দিয়ে 2023 সালের FISU শীতকালীন ওয়ার্ল্ড ইউনিভার্সিটি গেমসের আগে নিউ ইয়র্কের শীতকালীন ক্রীড়া অবকাঠামোর জন্য ছয় বছরে মোট 550 মিলিয়ন ডলারের বিনিয়োগ সম্পন্ন হয়। এছাড়াও গভর্নর নিউ ইয়র্ক স্টেট জুড়ে ভ্রমণে উৎসাহিত করার জন্য আই লাভ NY-এর শক্তিশালী বিপণন ক্যাম্পেইন ঘোষণা করেছেন, যার মধ্যে কৃষ্ণাঙ্গ ভ্রমণকারীদের ভ্রমণ করতে আসা বৃদ্ধি করার জন্য আই লাভ NY ব্ল্যাক ট্রাভেল উদ্যোগের মতো বিশেষায়িত ক্যাম্পেইন এবং বেসবল ও হিপ

হপে স্টেটের সমৃদ্ধ ইতিহাস ও ঐতিহ্যের উপর আলোকপাত করার মাধ্যমে ভ্রমণে সহায়তা করার জন্য আই লাভ NY-এর নতুন অংশীদারিত্ব অন্তর্ভুক্ত রয়েছে।

গত বছর গভর্নর হোকল ঘোষণা করেছেন যে পর্যটন, অর্থনৈতিক উন্নয়ন, জন নিরাপত্তা, পরিবহন, এবং অন্যান্য গুরুত্বপূর্ণ খাতে গভর্নরের ঐতিহাসিক বিনিয়োগের পর, নিউ ইয়র্ক স্টেট 2022 সালে 291.5 মিলিয়ন দর্শনার্থীকে স্বাগত জানিয়েছে, যা নিউ ইয়র্ক স্টেটের ইতিহাসে দর্শনার্থীর সর্বোচ্চ সংখ্যা, যার ফলে সরাসরি ব্যয়ের মাধ্যমে 78.6 বিলিয়ন ডলারেরও বেশি এবং মোট 123 বিলিয়ন ডলারের অর্থনৈতিক প্রভাব তৈরি হয়েছে। সেইসাথে, নিউ ইয়র্ক স্টেট পর্যটন সংক্রান্ত বিপণন এবং মূলধনী প্রকল্পগুলোকে সহায়তা করার জন্য 15 মিলিয়ন ডলারের মার্কেট নিউ ইয়র্ক (Market New York) অনুদান প্রদান করেছে এবং EDA ট্যুরিজম পার্টনার সাব-অ্যাওয়ার্ড গ্র্যান্ট কর্মসূচির (EDA Tourism Partner Sub-Awards Grant Program) মাধ্যমে 30টি স্থানীয় ও আঞ্চলিক ডেস্টিনেশন মার্কেটিং সংস্থাকে 14 মিলিয়ন ডলারেরও বেশি অনুদান প্রদান করেছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov-এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418